দৈনিক
ইত্তেফাক

তারিখ · 31 MAY 2015
পৃষ্ঠা ৫ কলাম ৪

রবিবার, ১৭ জ্যৈষ্ঠ ১৪২২
৩১ মে ২০১৫
দৈনিক ইত্তেফাক

বিজ্ঞপ্তি
সম্মানিত বিজ্ঞাপনদাতাদের সুবিধার্থে প্রতি শুক্রবার দৈনিক ইত্তেফাকের প্রধান কার্যালয়, ৪০, কাওরান বাজার অফিসে সকাল ১০ টা থেকে বিকেল ৫টা পর্যন্ত বিজ্ঞাপন গ্রহণ করা হবে। -কর্তৃপক্ষ

জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৪

সূত্র : ১৬(৬৯৯) জাতী: বি:/ অন-ক্যাম্পাস মাস্টার্স/ ভর্তি/ ২০১৪/১/২৬৭২ তারিখ : ২৮/০৫/২০১৫

# এম এ এস (এম ফিল সমমান) প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ে ২০১৫-২০১৬ সেশনে লাইব্রেরী এন্ড ইনফরমেশন সায়েন্স বিষয়ে অন-ক্যাম্পাস মাস্টার অব এডভান্সড স্টাডিজ (MAS) প্রোগ্রামে শিক্ষার্থী ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

১. ভর্তির শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য শর্তাবলী

ক. প্রার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয় বা ইউজিসি কর্তৃক অনুমোদিত বাংলাদেশের যে কোন বিশ্ববিদ্যালয় থেকে সংশ্লিষ্ট বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রিধারী হতে হবে। দেশ-বিদেশের সমমানের পরীক্ষায় পাশ করা শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত নিয়ম-কানুন ও শর্ত অনুযায়ী মাস্টার্স প্রোগ্রামে পূর্ণকালীন শিক্ষার্থী হিসেবে বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাসে ভর্তি হতে পারবে। শিক্ষা জীবনে এস এস সি থেকে স্নাতক (সম্মান) ডিগ্রি পর্যন্ত অন্তত ১ টি [illegible] শ্রেণি ও অপর দু'টিতে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/ শ্রেণি থাকতে হবে। CGPA এর ক্ষেত্রে নিম্নরূপ নিয়ম অনুসরণ করা হবে:

| এসএসসি/এইচএসসি বা সমমান | অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত জিপিএ এর ক্ষেত্রে অর্জিত সিজিপিএ | | সমতুল্য শ্রেণি বা বিভাগ |
|---|---|---|---|
| ৫.০০ স্কেল | ৪.০০ স্কেলে | ৫.০০ স্কেলে | |
| জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব | জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব | জিপিএ ৩.৭৫ বা তদূর্ধ্ব | প্রথম |
| জিপিএ ২.০০ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম | জিপিএ ২.২৫ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম | জিপিএ ২.৮১৩ বা তদূর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম | দ্বিতীয় |
| জিপিএ ১.০০ বা তদূর্ধ্ব কিন্তু ২.০০ এর কম | জিপিএ ১.৬৫ বা তদূর্ধ্ব কিন্তু ২.২৫ এর কম | জিপিএ ২.০৬৩ বা তদূর্ধ্ব কিন্তু ২.৮১৩ এর কম | তৃতীয় |

খ. জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজ / প্রতিষ্ঠান থেকে মাস্টার্স ডিগ্রিপ্রাপ্তগণও এই প্রোগ্রামে ভর্তি হতে পারবেন। এই বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজ/ প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষকদের এই প্রোগ্রামে ভর্তির ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে।

গ. ভর্তির শর্তাবলি পূরণ করলে এবং সংশ্লিষ্ট বিষয়ে ভর্তি পরীক্ষায় কৃতকার্য হলে বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রস্তুতকৃত মেধা তালিকার ভিত্তিতে একজন শিক্ষার্থী কেবলমাত্র একটি কোর্স / বিষয়ে ভর্তি হতে পারবেন।

২. প্রোগ্রামের মেয়াদ

সেমিস্টার পদ্ধতিতে থিসিসসহ অন-ক্যাম্পাস এম এ এস প্রোগ্রাম এর মেয়াদ হবে ১ বছর ৬ মাস বা ৩ সেমিস্টার। এম এ এস ডিগ্রি অর্জনকারী শিক্ষার্থীগণ সরাসরি জাতীয় বিশ্ববিদ্যালয়ে পিএইচডি প্রোগ্রামে ভর্তি হতে পারবেন।

৩. ফেলোশিপ সংক্রান্ত তথ্যাদি ও শর্তাবলী

বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত কলেজের শিক্ষার্থীদের মধ্যে যারা এম এ এস প্রোগ্রামে ভর্তি হবেন তাদেরকে প্রথম সেমিস্টার পরীক্ষার ফলাফলের ভিত্তিতে (ন্যূনতম জিপিএ ৩.০০ প্রাপ্ত শিক্ষার্থীদের প্রতি বিষয়ে ৩ (তিন) জন শিক্ষার্থীকে মাসিক ৩,০০০.০০ (তিন হাজার) টাকা হারে ১ বছরের জন্য বৃত্তি প্রদান করা হবে।

৪. আবেদন ফরম পূরণ ও জমাদান

ক. আগ্রহী প্রার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nu.edu.bd) এর মাধ্যমে আগামী ৩০.০৫.২০১৫ তারিখ থেকে ১৫.০৬.২০১৫ তারিখের মধ্যে অনলাইনে আবেদন করতে হবে।

খ. অনলাইনে আবেদন ফরম পূরণের সময় আবেদনকারীকে আবেদন ফি বাবদ সোনালী ব্যাংকের যে কোন শাখা থেকে 'রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়'-এর অনুকূলে ৭৫০.০০ (সাত শত পঞ্চাশ) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট করতে হবে। উক্ত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট নম্বর ও আবেদনকারীর পাসপোর্ট আকারের রঙিন ছবি আপলোড করতে হবে। ছবির মাপ 120 X 150 Pixels, Image Type: JPG এবং File Size: 50 KB (max.)

গ. আবেদন ফরম সফলভাবে পূরণ হলে প্রার্থীগণ একটি PIN নম্বর সম্বলিত আবেদন ফরম প্রিন্ট করতে পারবেন।

ঘ. ভর্তি পরীক্ষা/ সাক্ষাৎকারের দিন আবেদনকারীকে সকল সনদের ফটোকপি ও পে-অর্ডার/ ডিডিসহ স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্রের ডিন দপ্তরে উপস্থিত হতে হবে। ভর্তি পরীক্ষা/সাক্ষাৎকার কখন অনুষ্ঠিত হবে তা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটের মাধ্যমে জানানো হবে।

ঙ. ভর্তির সময় অবশ্যই বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে মূল সনদ ও নম্বরপত্র প্রদর্শন করতে হবে। অন্যথায় আবেদনকারী ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবেন।

৫. আবেদনের সময়সীমা ও ভর্তি কার্যক্রম

ক. অনলাইনে আবেদন ফরম পূরণ : ৩০/০৫/২০১৫ থেকে ১৫/০৬/২০১৫

খ. ভর্তির তারিখ : ২১/০৬/২০১৫ থেকে ৩০/০৬/২০১৫

গ. ক্লাশ শুরুর তারিখ : ০১/০৭/২০১৫

৬. নির্ধারিত সময়ের পর কোনক্রমেই আবেদন ফরম গ্রহণ করা হবে না। অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

৭. ভর্তি বিজ্ঞপ্তির যে কোন শর্ত বাতিল বা পরিবর্তনের ক্ষমতা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

বি.দ্র: ভর্তি বিজ্ঞপ্তি, অনলাইন আবেদন ফরম ও ভর্তি সংক্রান্ত সকল তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.nu.edu.bd –এ পাওয়া যাবে। তাছাড়া প্রয়োজনে ০১৭১৩০৯২৭৯২ নম্বর মোবাইলে যোগাযোগ করা যাবে।

(প্রফেসর ড. মোঃ আনোয়ার হোসেন)
ডিন (ভারপ্রাপ্ত)
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কে
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০
ফোন : ০২-৯২৯১০৭৪

স-১৬১২ (১৪×৩)